

# প্রাথমিক শিক্ষক নিয়োগে বড় সুখবর

অনলাইন ডেক্স

প্রকাশিত: ২১:২২, ২৩ আগস্ট ২০২৫



ছবি: সংগৃহীত।

সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সাড়ে ১৩ হাজার সহকারী শিক্ষক নিয়োগ দেওয়া হবে ডিসেম্বরের মধ্যেই। শনিবার (২৩ আগস্ট) কিশোরগঞ্জ শিল্পকলা একাডেমি মিলনায়তনে শিক্ষক ও কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় সভায় এ তথ্য জানিয়েছেন প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক আবু নূর মো. শামসুজ্জামান।

তিনি বলেন, “বর্তমানে সাড়ে ১৩ হাজার পদ শূন্য রয়েছে। আগস্ট মাসেই নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ হবে এবং ডিসেম্বরের মধ্যে পুরো নিয়োগ প্রক্রিয়া শেষ করার পরিকল্পনা রয়েছে।”

মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের উপদেষ্টা অধ্যাপক ডা. বিধান রঞ্জন রায় পোদ্দার। তিনি বলেন, “শুধু হাওর নয়, চরাঞ্জল বা প্রত্যন্ত এলাকায় শিক্ষকরা থাকতে চান না। সবাই শহরে বদলি হতে চান। কিন্তু নিয়ম অনুযায়ী যেখানেই পোস্টং সেখানেই থাকতে হয়। তবে তদবির ও বদলির কারণে বাস্তব পরিস্থিতি ভিন্ন হয়ে যায়। এটি মূলত সামাজিক ও রাজনৈতিক সমস্যা।”

সম্প্রতি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের দশম গ্রেডে উন্নীত করার সিদ্ধান্ত নিয়েছে সরকার। এ প্রসঙ্গে উপদেষ্টা বলেন, “সহকারী উপজেলা শিক্ষা কর্মকর্তারা একই গ্রেডে থাকলেও প্রশাসনিক চেইন

অব কমান্ড ভাঙ্গে না। তবে তাদেরও গ্রেড উন্নয়নের প্রয়োজন  
রয়েছে।”

---